

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪-৩০

তারিখ: ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শূন্যপদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে ৫ম নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৫ম নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে এনটিআরসিএ-এর প্রচলিত নিয়ম অনুসারে সকল বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্যপদের তথ্য/চাহিদা (ই-রিকুইজিশন) অনলাইনে সংগ্রহ করা হবে। অনলাইনে চাহিদা প্রদানের (E-Requisition) পূর্বশর্ত হিসাবে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে ই-রেজিস্ট্রেশন (অনলাইন নিবন্ধন) কার্যক্রম সম্পাদন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান পূর্বেই ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে তাদেরকে অবশ্যই ই-রেজিস্ট্রেশন প্রোফাইল হালনাগাদ করতে হবে। কোন প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে অনলাইন প্ল্যাটফর্মে ই-রেজিস্ট্রেশন সম্পাদন না করলে কিংবা প্রোফাইল হালনাগাদ না করলে অনলাইনে নিয়োগযোগ্য শিক্ষকের শূন্যপদের চাহিদা (ই-রিকুইজিশন) প্রদান করা সম্ভব হবে না। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশন করা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে User ID এবং Password ব্যবহার করে ই-রেজিস্ট্রেশন ফর্মের Edit অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ করতে হবে। কোন প্রতিষ্ঠানের সকল তথ্য অপরিবর্তিত থাকলেও ঐ প্রতিষ্ঠানকে লগইন করে Submit বাটনে ক্লিক করতে হবে। নতুবা ই-রেজিস্ট্রেশন নবায়ন/হালনাগাদ হবে না। এজন্য আগামী ২৯/০১/২০২৪ তারিখ থেকে ১২/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নতুন প্রতিষ্ঠানের জন্য ই-রেজিস্ট্রেশন করা এবং পূর্বে ই-রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। **প্রসঙ্গত: উল্লেখ্য যে, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের নিজস্ব প্রোফাইলও হালনাগাদ করতে হবে।** ই-রেজিস্ট্রেশন প্ল্যাটফর্মে লগইন করার জন্য তাদেরকে ইউজার আইডি ও পাসওয়ার্ড টেলিটক থেকে SMS এর মাধ্যমে প্রেরণ করা হবে। ই-রেজিস্ট্রেশন প্ল্যাটফর্মে লগইন করে তথ্য প্রদান কার্যক্রম সম্পন্ন করার জন্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) “ই-রেজিস্ট্রেশন” নামক সেবাবক্সে প্রদানকৃত নির্দেশনা অনুসরণ করতে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২৪
(মুহাম্মদ নুরে আলম সিদ্দিকী)

সদস্য (যুগ্মসচিব)

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান

এনটিআরসিএ, ঢাকা।

ফোন নং- ০২-৪১০৩০০৪৬